ঝিনাইদহে মিন্টু’র মুক্তির দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে জেলার সাংস্কৃতিক সংগঠনগুলো। এতে ব্যানার ফেস্টুন নিয়ে বাংলাদেশ গণশিল্পী সংস্থা, স্বাধীনতা সাংস্কৃতিক পরিষদ, ঝংকার শিল্পী গোষ্ঠী, বঙ্গবন্ধু সাংস্কৃতিক ফোরাম, কেসি কলেজ থিয়েটার, সচেতন নারী সমাজ, ঝংকার শিল্পী গোষ্ঠী, নবগঙ্গা সাংস্কৃতিক গোষ্ঠী, জাগরণ সাংস্কৃতিক গোষ্ঠীর সদস্যসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে স্বাধীনতা সাংস্কৃতিক পরিষদের আহ্বায়ক দীপ্তি রহমান, যুগ্ম আহ্বায়ক শান্ত জোয়ার্দ্দার, হাসিবুর রহমান শিপন, পৌর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ শাহানাজ পারভীন, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাংগঠনিক সম্পাদক অমিয় মজুমদার অপু, জাতীয় মহিলা সংস্থার সমস্য নাজমা সাজেদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
সেসময় বক্তারা, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুকে মিথ্যা মামলায় গ্রেফতার করা হয়েছে দাবী করে অবিলম্বে তার মুক্তির দাবী জানান।

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যা ঘটনার দায়েরকৃত অপহরণ মামলায় গত ১১ জুন সাইদুল করিম মিন্টুকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। পরে তাকে গ্রেফতার দেখানো হয়।

শৈলকুপায় নির্বাচন পরবর্তী সহিংসতা বন্ধ ও বাড়ি ফেরার দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় নির্বাচন পরবর্তী সহিংসতা বন্ধ ও বাড়ি ফেরার দাবীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।
মঙ্গলবার উপজেলার গাড়াগঞ্জ মিয়া জিন্নাহ আলম ডিগ্রি কলেজের সামনে এ কর্মসুচির আয়োজন করে নির্যাতনের শিকার ভুক্তভোগী কয়েকশ পরিবারের সদস্যরা।

সেসময় উপজেলার লক্ষ্মণদিয়া, বেস্টপুর,গোবিন্দপুরসহ বিভিন্ন গ্রামের হামলার শিকার পরিবারের সদস্যরা অংশ নেয়।
কর্মসূচীতে লক্ষণদিয়া গ্রামের ভুক্তভোগী মানিক হোসেন, সাবু মেম্বর, ব্রাহিমপুর গ্রামের আগা খাঁ, চাঁদ আলী ফকিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় ভুক্তভোগীরা অভিযোগ করে বলেন, গত ২১ মে শৈলকুপা উপজেলা পরিষদ নির্বাচনে মোটরসাইকেল সাইকেল প্রতিকের প্রার্থী মোস্তফা আরিফ রেজা মন্নু বিজয়ী হওয়ার পর থেকে পরাজিত চেয়ারম্যান প্রার্থী দোয়াত কলম মার্কার শামীম হোসেন মোল্লার সমর্থকদের বাড়ি-ঘরে হামলা করছে বিজয়ী প্রার্থীর সমর্থকরা।

হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করা হচ্ছে। তাড়িয়ে দেওয়া হচ্ছে বাড়ি থেকে। বাড়ি ফিরতে হলে চাঁদা দাবী করা হচ্ছে। তাই এ সহিংসতা বন্ধ ও বাড়ি ফেরার ব্যবস্থা করতে সরকারের হস্তক্ষেপ কামনা করেন তারা।

কোটচাঁদপুরে ঢাকাগামী ট্রেন

সেবা চালু রাখার দাবীতে মানববন্ধন

কোটচাঁদপুর স্টেশন থেকে ছেড়ে যাওয়া ঢাকাগামী ট্রেন সেবা চালু রাখার দাবীতে মানববন্ধন করেছে কোটচাঁদপুর ঢাকা সরাসরি রেল সংযোগ রক্ষা কমিটি। আজ শুক্রবার স্থানীয় রেলস্টেশনের সামনে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়,আগামী জুলাই মাস থেকে সুন্দরবন-বেনাপোল ও চিত্রা এক্সপ্রেস ঢাকা পদ্মা সেতু নড়াইল গোপালগঞ্জ রুপদিয়া যশোর নতুন রুটে চলাচল করবেন। এ সব ট্রেনের যাত্রা শুরু হবে যশোরের রূপদিয়া ষ্টেশন থেকে।

এতে করে ঝিনাইদহ এবং চুয়াডাঙ্গার কোন ষ্টেশন ঢাকাগামী এ সব ট্রেন সেবা থেকে বঞ্চিত হতে যাচ্ছে। এ ট্রেন সেবা চালু রাখার দাবীতে শুক্রবার কোটচাঁদপুর রেলস্টেশনের সামনে এক মানববন্ধন করেছেন,কোটচাঁদপুর ঢাকা সরাসরি রেল সংযোগ রক্ষা কমিটি।

মানববন্ধনে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান (সেলিম),পৌরসভার প্যানেল মেয়র জাহিদ হোসেন,কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল,ছাত্র লীগের সাবেক সভাপতি শেখ শাহিন, শিক্ষক আমিরুল ইসলাম,মনিরুজ্জামান শান্তি। আজ শুক্রবার বিকাল ৪ টা সময় এ মানববন্ধন শুরু হয়। যা চলে ঘন্টাব্যাপী।

ঝিনাইদহে রেল লাইন ও মেডিকেল কলেজ স্থাপনের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহে রেল লাইন, মেডিকেল কলেজ ও বিশ^বিদ্যালয় স্থাপনের দাবীতে

মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। রোববার (১৪জানুয়ারি) সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ জেলা রেল লাইন, মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটি।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে ভাষা সৈনিক নন্দ দুলাল সাহা, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ পৌরসভার সাবেক চেয়ারম্যান এস এম আনিচুর রহমান খোকা, ঝিনাইদহ শিশু হাসপাতালের চিকিৎসক ডা: আলী হাসান ফরিদ, সরকারি নুরুন্নাহারা মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল, উই এর পরিচালক শরিফা খাতুন, বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা রেল লাইন, মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটির যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান পিন্টু, মুফতী রাসেল উদ্দিন, মাওলানা রুহুল আমিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, পার্শবর্তী জেলা মাগুরা, যশোর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গায় রেল লাইন থাকলেও ঝিনাইদহ জেলা শহরের সাথে রেল লাইনের কোন সংযোগ নেই। তাই মাগুরা থেকে ঝিনাইদহ জেলা শহর হয়ে চুয়াডাঙ্গা বা কুষ্টিয়ায় রেল লাইন সংযোগের দাবী জানান তারা।